দৈনিক বাংলা

তারিখ ৬।১।৬৯

পৃষ্ঠা

483

010

# পরীক্ষা কেন্দ্র পুনর্বহাল না হলে হরতাল—

(নিজস্ব সংবাদদাতা)

চাপাইনবাবগঞ্জ, ৫ই জানুয়ারী।—নবাবগঞ্জ মহকুমা সদরদফতর থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষা কেন্দ্র সাময়িকভাবে বাতিল করার প্রতিবাদে চাপাইনবাবগঞ্জ ছাত্র-সংগ্রাম পরিষদ আজ বিকেলে পৌর-সভা পার্কে এক জনসভার আয়োজন করে।

সভায় বক্তারা হুশিয়ারী উচ্চারণ করেন যে, কর্তৃপক্ষ ৭ই জানুয়ারীর মধ্যে এসব কেন্দ্র পুনর্বহালের আদেশ না দিলে ৮ই জানুয়ারী তারা গোটা মহকুমায় অর্ধদিবস হরতাল পালন করবে। তারা নবাবগঞ্জ সরকারী কলেজের অধ্যক্ষ এবং হরি-মোহন সরকারী হাই স্কুলের হেড মাস্টারকে অবিলম্বে বদলী করার দাবী জানান।

উল্লেখ করা যেতে পারে যে সংগ্রাম পরিষদ বোর্ডের সিদ্ধান্তের প্রতিবাদে শহরের সব শিক্ষা প্রতিষ্ঠান তালাবন্ধ এবং মহকুমা প্রশাসককে তার অফিসে ঘেরাও করেছে।